গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.msw.gov.bd

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সভা

সভার তারিখ:	১৮/০৮/২০১৫ খ্রিস্টাব্দ
সময়:	সকাল ১১:০০
স্থান:	কক্ষ নং-৩০৯, ভবন-৬, ৪র্থ তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
সভাপতি:	তারিক-উল-ইসলাম, সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট-ক।

২.০ সভাপতি, উপস্থিত প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রকল্পের প্রতিনিধি, সমাজকল্যাণ মন্ত্রণালয় ও নিয়ন্ত্রণাধীন দপ্তর/সংস্থাসমূহের ইনোভেশন টিম এর সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন।সভার আলোচ্যসূচি অনুযায়ী তিনি সমাজকল্যাণ মন্ত্রণালয় ও নিয়ন্ত্রণাধীন দপ্তরসমূহের ইনোভেশনটিম এর কার্যক্রমের অগ্রগতি, এটুআই প্রকল্পের মাঠপর্যায়ে ইনোভেশন উদ্যোগ বিষয়ে আলোচনার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান।

৩.০ সভাপতির আহ্বানের প্রেক্ষিতে সভায় বিষয়ভিত্তিক বিস্তারিত আলোচনা ও সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

৩.১.১ **আলোচনা ১:** প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রকল্পের ক্যাপাসিটি ডেভেলপমেন্ট এক্সপার্ট জনাব মানিক মাহমুদ ইনোভেশন বিষয়ে সংক্ষিপ্ত আলোচনায় জানান, যে সকল উদ্ভাবন প্রক্রিয়া জনগণের নিকট সরকারি সেবা প্রদানের ক্ষেত্রে TCV (T=Time, C=Cost, V=Visit) হ্রাস করে সেবা প্রদানের পদ্ধতিকে সহজ করে তাকেই ইনোভেশন হিসেবে আখ্যায়িত করা হচ্ছে। সরকারি সেবা প্রদান প্রক্রিয়ায় ইনোভেশনের গুরুত্ব উল্লেখ পূর্বক জানান যে, সমাজকল্যাণ মন্ত্রণালয় নিয়ন্ত্রণাধীন সমাজসেবা অধিদফতরের মাঠ পর্যায়ের ৭৬ জন কর্মকর্তাকে এটুআই প্রকল্পের উদ্যোগে ইতোমধ্যে ইনোভেশন বিষয়ে ৫ (পাঁচ) দিনের ১ম পর্যায়ের প্রশিক্ষণ ও ৭ জন কর্মকর্তাকে ২য় পর্যায়ের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তাগণের মধ্যে ২৫ জন উদ্ভাবক কর্মকর্তার ১০টি ইনোভেশন উদ্যোগ মাঠপর্যায়ে পাইলটিং ভিত্তিরত চলমান রয়েছে। তিনি জানান, বর্ণিত ইনোভেশন আইডিয়াসমূহ জনগণের সেবা প্রদানের ক্ষেত্রে কার্যকরভাবে ব্যবহার করতে হলে বর্ণিত ইনোভেশন আইডিয়া পাইলটিং এর সাথে মন্ত্রণালয়ের সমন্বয় জরুরি। সংশ্লিষ্ট উদ্ভাবক কর্মকর্তাগণের সাথে মন্ত্রণালয়ের একটি যোগসূত্র স্থাপনের পাশাপাশি পাইলটিং কার্যক্রম বাস্তবায়নের পরিবীক্ষণের ওপর গুরুত্বারোপ করেন। তিনি উর্ধতন কর্তৃপক্ষের মাধ্যমে সংশ্লিষ্ট উদ্ভাবক কর্মকর্তাগণকে উৎসাহ প্রদানেও অনুরোধ করেন, যা ইনোভেশনের ক্ষেত্রে ইতিবাচক প্রভাব ফেলবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি ৭৬ জন প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তার তালিকা এবং পাইলটিং চলছে এমন ১০টি ইনোভেশন আইডিয়া ও ২৫ জন উদ্ভাবক কর্মকর্তার তালিকাও হস্তান্তর করেন। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় উদ্ভাবকগণের তালিকা থেকে ১ (এক) জন কর্মকর্তার সাথে তাৎক্ষণিক টেলিফোনের মাধ্যমে সরাসরি ইনোভেশনের বিষয়ে এবং পাইলটিং এর অগ্রগতি জানতে চান।

সিদ্ধান্ত ১.১: ইনোভেশন প্রশিক্ষণের মাধ্যেমে লব্ধ দক্ষতা কাজে লাগিয়ে মাঠ পর্যায়ে কী ধরণের কার্যক্রম গ্রহণে করেছেন বা কী ধরণের কার্যক্রম গ্রহণের পরিকল্পনা রয়েছে, সে বিষয়ে বাস্তব অগ্রগতি প্রতিবেদন প্রদানের জন্য আগামী ২৫ আগস্টের মধ্যে পত্র জারী করতে হবে। প্রতিবেদন প্রদানের ফরমেট এটুআই সরবরাহ করবে।

বাস্তবায়ন: যুগ্মসচিব (বাজেট ও আইসিটি) এবং চীফ ইনোভেশন অফিসার, সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং জনাব মানিক মাহমুদ, ক্যাপাসিটি ডেভেলপমেন্ট এক্সপার্ট, এটুআই প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়।

সিদ্ধান্ত ১.২: চীফ ইনোভেশন অফিসার ক্রমান্বয়ে ৭৬ জন প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তার সাথে ইনোভেশন বিষয়ে টেলিফোনের মাধ্যমে যোগাযোগ করে তাঁদের ইনোভেশনের বিষয়ে উৎসাহিত করবেন।

বাস্তবায়ন: যুগ্মসচিব (বাজেট ও আইসিটি) এবং চীফ ইনোভেশন অফিসার, সমাজকল্যাণ মন্ত্রণালয়

সিদ্ধান্ত-৩: মাঠ পর্যায়ে চলমান ১০টি ইনোভেশন আইডিয়ার পাইলটিং এর সাথে সম্পৃক্ত ২০ জন কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং সমাজসেবা অধিদফতরের ইনোভেশন টিমের সদস্যবৃন্দসহ সমাজসেবা অধিদফতরে দিন ব্যাপী একটি কর্মশালা আগামী ১০ সেপ্টেম্বর ২০১৫ তারিখ আয়োজন করতে হবে। কর্মশালায় ইনোভেশন আইডিয়াসমূহের মাঠ পর্যায়ে পাইলটিং বাস্তবায়ন অগ্রগতি, অভিজ্ঞতা এবং ইনোভেশনের ফলাফল বিষয়ে সংশ্লিষ্ট উদ্ভাবকগণ আলোচনা করবেন। দেশব্যাপী উক্ত ইনোভেশন আইডিয়াসমূহ রেপ্লিকেট বিষয়েও কর্মশালায় আলোচনা করা হবে। এটুআই প্রকল্প উক্ত কর্মশালা সফলভাবে আয়োজনের বিষয়ে সমাজসেবা অধিদফতরকে কারিগরী সহায়তা প্রদান করবেন।

বাস্তবায়ন: যুগ্মসচিব (বাজেট ও আইসিটি) এবং চীফ ইনোভেশন অফিসার, সমাজকল্যাণ মন্ত্রণালয়, পরিচালক (কার্যক্রম) ও ইনোভেশন অফিসার, সমাজসেবা অধিদফতর এবং এবং জনাব মানিক মাহমুদ, ক্যাপাসিটি ডেভেলপমেন্ট এক্সপার্ট, এটুআই প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়।

৩.১.২ **আলোচনা-২:** সমাজকল্যাণ মন্ত্রণালয় ও নিয়ন্ত্রণাধীন দপ্তরসমূহের ইনোভেশন টিম কার্যকর করার লক্ষ্যে প্রতি মাসে নিয়মিত সভা অনুষ্ঠান করা প্রয়োজন। মাঠ পর্যায়ে সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক জনগণকে প্রদেয় সেবায় ইনোভেশন আইডিয়া প্রয়োজন। এ বিষয়ে এটুআই প্রত্যেক দপ্তরের জন্য একজন ইনোভেশন ফোকাল পয়েন্ট নির্বাচন ও সেক্টরাল এক্সপার্ট চিহ্নিত করার অনুরোধ জানান। যারা নিয়মিতভালে এটুআই কর্তৃপক্ষ এবং সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করবেন। এছাড়াও মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত উদ্ভাবন কর্মপরিকল্পনা ও মূল্যায়ন নির্দেশিকা ২০১৫ অনুস্মরণে অনতিবিলম্বে সমাজকল্যাণ মন্ত্রণালয় ও নিয়ন্ত্রণাধীন দপ্তরসমূহের উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাধ্যমে গৃহীত সরকারের বিভিন্ন সেবা সম্পর্কে জনগণকে অবহিতকরণ এবং সেবা ব্যবস্থাপনার উন্নয়নে সোস্যাল মিডিয়া 'ফেসবুক' এর কার্যকর ব্যবহারের উদ্যোগ গ্রহণ করতে হবে।

সিদ্ধান্ত-২.১: সমাজকল্যাণ মন্ত্রণালয় ও নিয়ন্ত্রণাধীনদপ্তরসমূহের ইনোভেশন টিম প্রতিমাসের দ্বিতীয় সপ্তাহের মধ্যে সভা করবে এবং নিয়ন্ত্রণাধীন দপ্তরসমূহ ইনোভেশ টিমের সভার কার্যবিবরণী সমাজকল্যাণ মন্ত্রণালয়ের চীফ ইনোভেশন অফিসারের নিকট প্রতিমাসের চতুর্থ সপ্তাহের মধ্যে প্রেরণ করবেন।

বাস্তবায়ন: যুগ্মসচিব (বাজেট ও আইসিটি) এবং চীফ ইনোভেশন অফিসার, সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং ইনোভেশন অফিসার সমাজকল্যাণ মন্ত্রণালয় নিয়ন্ত্রণাধীন সকল দপ্তর/সংস্থা।

সিদ্ধান্ত-২.২: সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ইনোভেশন সেক্টরাল এক্সপার্ট হিসেবে জনাব রূপণ কান্তি শীল, অতিরিক্ত সচিব (উন্নয়ন), খন্দকার আতিউর রহমান, অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব নিরঞ্জন দেবনাথ, উপসচিব (প্রশাসন-৫ অধিশাখা)), মৃত্যুঞ্জয় সাহা, উপসচিব (আইন ও সংস্থা অধিশাখা) এবং জনাব এবিএম শফিকুল হায়দার, উপপ্রধান (উন্নয়ন) দায়িত্ব পালন করবেন। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ইনোভেশন ফোকাল পয়েন্ট হিসেবে জনাব সাইদা নাইম জাহান, যুগ্মসচিব (বাজেট ও আইসিটি) দায়িত্ব পালন করবেন।

বাস্তবায়ন: যুগ্মসচিব (বাজেট ও আইসিটি) এবং চীফ ইনোভেশন অফিসার, সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং ইনোভেশন অফিসার সমাজকল্যাণ মন্ত্রণালয় নিয়ন্ত্রণাধীন সকল দপ্তর/সংস্থা।

সিদ্ধান্ত-২.৩: সমাজকল্যাণ মন্ত্রণালয় নিয়ন্ত্রণাধীন সকল দপ্তর ও সংস্থা স্ব স্ব কার্যালয়ে জন্য বিধি মোতাবেক সেক্টরাল এক্সপার্ট এবং ইনোভেশন ফোকাল পয়েন্ট নির্বাচন করে আগামী ১৫ সেপ্টেম্বর এর মধ্যে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে অবহিত করবেন।

বাস্তবায়ন: ইনোভেশন অফিসার, সমাজকল্যাণ মন্ত্রণালয় নিয়ন্ত্রণাধীন সকল দপ্তর/সংস্থা।

সিদ্ধান্ত-২.৪: মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত উদ্ভাবন কর্মপরিকল্পনা ও মূল্যায়ন নির্দেশিকা ২০১৫ অনুস্মরণে আগামী ১০ সেপ্টেম্বর ২০১৫ তারিখের মধ্যে সমাজকল্যাণ মন্ত্রণালয় ও নিয়ন্ত্রণাধীন দপ্তরসমূহের উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন করে তা ১১ সেপ্টেম্বর তারিখের মধ্যে স্ব স্ব ওয়েব সাইটে প্রকাশ করতে হবে।

বাস্তবায়ন: যুগ্মসচিব (বাজেট ও আইসিটি) এবং চীফ ইনোভেশন অফিসার, সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং ইনোভেশন অফিসার সমাজকল্যাণ মন্ত্রণালয় নিয়ন্ত্রণাধীন সকল দপ্তর/সংস্থা।

৪.০ পরিশেষে, সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

২৩/০৮/২০১৫

(তারিক-উল-ইসলাম)
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়।

নং- ৪১.০০.০০০০.০৪৫.০৭.০১৮.১৪.২৬

১০ ভাদ্র ১৪২২
২৫ আগস্ট ২০১৫

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (অগ্রাধিকার ক্রমানুযায়ী নয়)

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর, ঢাকা।
৪. যুগ্মসচিব (বাজেট ও আইসিটি) ও চীফ ইনোভেশন অফিসার, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
৫. যুগ্মসচিব (প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা/কার্যক্রম), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. নির্বাহী পরিচালক, শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট, বনানী, ঢাকা
৭. নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ইস্কাটন, ঢাকা।
৮. পরিচালক (কার্যক্রম) ও ইনোভেশন অফিসার, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
৯. ব্যবস্থাপনা পরিচালক, নিউরো ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট্র, আগারগাঁও, ঢাকা।
১০. নির্বাহী পরিচালক, শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট্র, টংগী ,গাজীপুর।
১১. উপসচিব/উপপ্রধান (সকল), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. ইনোভেশন অফিসার, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর, ঢাকা/শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট, বনানী, ঢাকা/বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ইস্কাটন, ঢাকা/শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট্র, টংগী ,গাজীপুর।
১৩. সিনিয়র/ সহকারি সচিব/প্রধান (সকল), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. জনাব মানিক মাহমুদ, ক্যাপাসিটি ডেভেলপমেন্ট এক্সপার্ট, এটুআই প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়।

(নিরঞ্জন দেবনাথ)
উপসচিব (বাজেট) (অ. দা.)
☏ ৯৫৪০২৩৩

পরিশিষ্ট-ক

হাজিরা বিবরণী

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ইনোভেশন টিম এর সভা

তারিখ: ১৮/০৮/২০১৫; সময়: সকাল ১০:০০ টা

স্থান: ভবন-৬, কক্ষ নং-৩২৩, ৪র্থ তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

ক্রম	নাম ও পদবী	দপ্তর	ফোন/মোবাইল/ই-মেইল	স্বাক্ষর
১.	মোঃ মোমেন মোল্লা যুগ্মসচিব (প্রঃ)	সমাজকল্যাণ মন্ত্রণালয়	01727499741	[signature] ১৮/০৮/১৫
২.	খন্দকার আতিয়ার রহমান অতি: সচিব		01712-373166	[signature]
৩.	সাইদা নাইম ওয়াহাব যুগ্ম-সচিব (সেবা)	সমাজকল্যাণ মন্ত্রণালয়	01552541339	[signature] ১৮/০৮/১৫
৪.	মো: আব্দুল্লাহ আল মামুন নির্বাহী পরিচালক	শারীরিক প্রতিবন্ধী কল্যাণ ট্রাস্ট	01742-665999	[signature] ১৮/০৮
৫.	নিরঞ্জন দেবনাথ উপসচিব (প্রশা-৫ অধি:)	সমাজকল্যাণ মন্ত্রণালয়	০১৭২০১৮৮৬৫৭	[signature]
৬.	গাজীউদ্দিন মোহাম্মদ মুনীর সি: সহ: সচিব (প্রতিবন্ধী সেবা)	"	01552309738	[signature] ১৮/০৮/১৫
৭.	উম্মে সিদ্দিকা আখতার উপ সচিব (প্রশা-৬ অধি:)	সমাজকল্যাণ মন্ত্রণালয়	01714448369	[signature] 18.8.2015
৮.	মো: মুখলেছুর রহমান সরকার সহকারী সচিব (প্রতিবন্ধী-২)	সমাজকল্যাণ মন্ত্রণালয়	০১৫৫২৬৩৬২২৭	[signature] 18/08/2015
৯.	এস এম মোস্তফা রুমানী সি: সহ: প্রোগ্রামার	"	01915804304	[signature] ১৮/৮/১৫
১০.	আবু মোহাম্মদ ইউসুফ পরিচালক কার্যক্রম	সমাজসেবা অধিদপ্তর	01711-333233	[signature] ১৮/৮/১৫

ক্রম	নাম ও পদবী	দপ্তর	ফোন/মোবাইল/ই-মেইল	স্বাক্ষর
১১.	আশোক বিশ্বাস ক্যাশিয়ার ডেভেলপমেন্ট [illegible]	A2I প্রকল্প	০১৭২৭২২৯৭৭৭	[signature]
১২.	[illegible] ক্যাশিয়ার [illegible]	A2I P[illegible]	01731928297	[signature]
১৩.	মো: [illegible] ইসলাম সমাজসেবা [illegible]	MoSW	01711986617	[signature]
১৪.				
১৫.				
১৬.				
১৭.				
১৮.				
১৯.				
২০.				
২১.				
২২.				